তারিখ ৪।৭।২০০০
পৃষ্ঠা ১০ কলাম ৬

দৈনিক ইনকিলাব

# এইচএসসির পর ভর্তি প্রক্রিয়া

আমাদেরকে প্রবেশ করতে হবে একুশ শতকের যোগ্য নাগরিক হিসেবে। শিক্ষা, সংস্কৃতি, ব্যবসা-বাণিজ্য, খেলাধুলা ইত্যাদি ক্ষেত্রে আমাদেরকে হতে হবে তুখোড়। আমরা যেহেতু ছাত্র, সেহেতু আমাদের শিক্ষা জীবনের লক্ষ্য থাকতে হবে। কেননা, আমরা কেউ হতে চাই ডাক্তার, ইঞ্জিনিয়ার, কম্পিউটার বিজ্ঞানী, অধ্যাপক ইত্যাদি ইত্যাদি। তাই আমাদের অভিভাবকের মতের চেয়ে নিজের মতকে প্রাধান্য দিয়ে আমাদেরকেই বেছে নিতে হবে জীবনের লক্ষ্য উদ্দেশ্য। কারণ লক্ষ্য নির্ধারণ ছাড়া জীবনে সফলতা আসে না। শিক্ষা জীবনে একটা লক্ষ্য থাকতে হয়। বিশেষ করে এইচএসসি পাস করার পরই জীবনের লক্ষ্য নির্ধারণের উপযুক্ত সময়। হাতে সময় খুবই কম স্থির করে ফেলুন আপনার পছন্দের বিষয়।

আপনি কি ডাক্তারী পড়তে ইচ্ছুক ঃ এই মাসেই মেডিকেল কলেজের ভর্তি সার্কুলার দেয়া হবে। ইচ্ছা থাকলেই এখন মেডিকেল ভর্তি হওয়া যায় না। ভর্তি পরীক্ষায় উত্তীর্ণ হলেই কেবল লক্ষ্য পূরণের দিকে অগ্রসর হওয়া যায়। সুতরাং মেডিকেলে ভর্তি হতে হলে আপনাকে কঠোর অনুশীলন করতে হবে ভর্তি পরীক্ষার জন্য। সারাদেশে ১৩শ' ৫০ জন ছাত্র-ছাত্রী মেডিকেলে ভর্তির সুযোগ পায়। মেডিকেলে ভর্তির সহায়ক কোচিং সেন্টারগুলো ভর্তিচ্ছুক শিক্ষার্থীদের প্রয়োজনীয় সহায়তা দিয়ে থাকে।

এ ছাড়া আপনি যদি প্রকৌশল বিশ্ববিদ্যালয়ে বা ঢাকা বিশ্ববিদ্যালয়ে বিবিএ এবং আপনার পছন্দের বিষয়ে অনার্স পড়তে ইচ্ছুক হন, তাহলে আর দেরী নয়। কারণ এইচএসসি উত্তীর্ণ ছাত্রছাত্রীদের বিভিন্ন বিশ্ববিদ্যালয়ে ভর্তির জন্য আর এক বছর বসে থাকতে হবে না। কেবল ভর্তির ক্ষেত্রেই এই এক বছরের সেশন জট নিরসনের জন্য শিক্ষা মন্ত্রণালয় সিদ্ধান্ত নিয়েছে। এবারের এইচএসসি উত্তীর্ণরা যাতে দেশের বিভিন্ন সরকারী বিশ্ববিদ্যালয় ও মেডিকেল কলেজগুলোতে আগামী অক্টোবর মাসের মধ্যেই ভর্তি এবং ক্লাস শুরু করতে পারে সে জন্য প্রয়োজনীয় পদক্ষেপ নেয়া হয়েছে। বর্তমানে এইচএসসি উত্তীর্ণ ছাত্র-ছাত্রীরা, বিভিন্ন বিশ্ববিদ্যালয় অনার্স কোর্সে, বুয়েটে বা মেডিকেল কলেজগুলোতে ভর্তি হতে এবং ক্লাস শুরু করতে পাসের পর ৮/১০ মাস পর্যন্ত বসে থাকতে হচ্ছে। বিগত, ১৯৯৯ সালের এইচএসসি উত্তীর্ণ ছাত্র-ছাত্রীরা তাদের পাসের ৮ মাস পর গত এপ্রিলে ঢাকা বিশ্ববিদ্যালয়ে ভর্তি পরীক্ষা দিয়ে ১ জুলাই থেকে প্রথম বর্ষের ক্লাস শুরু করেছে। অন্যান্য বিশ্ববিদ্যালয় বা কলেজগুলোতেও এভাবে ছাত্র-ছাত্রীদের ভর্তি ও ক্লাস শুরু করতে প্রতিবছর কমপক্ষে ৮/১০ মাস অপেক্ষা করতে হচ্ছে। কিন্তু শিক্ষার্থী বন্ধুরা এ বছর থেকে আর এত দীর্ঘ সময় বসে থাকতে হবে না। যারা ঢাকা বিশ্ববিদ্যালয়ে ভর্তি হতে ইচ্ছুক তারা বিভিন্ন বিভাগে আগামী ১৩ অক্টোবর থেকে ৩১অক্টোবরের মধ্যে ভর্তি পরীক্ষা গ্রহণ করা হবে। এবং নভেম্বরের প্রথমদিকে ফল প্রকাশিত হবে। ১৫ নভেম্বর থেকে ২০০০-২০০১ সালের সম্মান শ্রেণীর প্রথমবর্ষের ক্লাস শুরু করার তারিখ নির্ধারণ করা হয়েছে। তাহলে আর কি বসে থাকা যায় বন্ধুরা ঝটপট ঠিক করে ফেলুন আপনার পছন্দের বিষয়। নতুন শতাব্দীর চ্যালেঞ্জ মোকাবিলায় তরুণ শিক্ষার্থীদেরই লক্ষ্য স্থির করতে হবে। তা না হলে নতুন শতাব্দীর প্রতিযোগিতায় টিকে থাকা সম্ভব হবে না। আসুন বন্ধুরা আমরা নিজেরাই স্থির করব আমাদের জীবনের লক্ষ্য ও পরিকল্পনা তাহলেই সাফল্যের চূড়ায় উঠতে পারব।

মোহাম্মদ ইকবাল হোসেন সুমন